

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ ঐ হাদীসের আলোচনা যেই হাদীস কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, ঈমান ও ইসলামের মাঝে পার্থক্য রয়েছে

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ الْإِسْلَامَ وَالْإِيمَانَ بَيْنَهُمَا فَرْقَانِ

## আরবী

أَخْبَرنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا بْنُ أَبِي السَّرِيِّ قَالَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَامِرِ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ عَنْ أَبِيهِ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطَى رِجَالًا وَلَمْ يُعْطِ رَجُلًا مِنْهُمْ شَيْئًا فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَعْطَيْتَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطَى رِجَالًا وَلَمْ يُعْطِ رَجُلًا مِنْهُمْ شَيْئًا فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أَوْ فُلَانًا وَلَمْ تُعْطِ فُلَانًا شَيْئًا وَهُوَ مُؤْمِنٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أَوْ مُسُلِمٌ" قَالَهَا تَلاَثًا قَالَ الزُّهْرِيُّ: نَرَى أَنَّ الْإِسْلَامَ الْكَلِمَةُ والإِيمانِ العمل. مُسْلِمٌ" قَالَهَا تَلاَثًا قَالَ الزُّهْرِيُّ: نَرَى أَنَّ الْإِسْلَامَ الْكَلِمَةُ والإِيمانِ العمل. الراوي: سَعْد بْن أَبِي وَقَاصٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: صحيح ابن حبان صحيح ابن حبان

## বাংলা

১৬৩. সা'দ বিন আবি ওয়াক্কাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বেশ কিছু লোককে দান করলেন কিন্তু তাদের মাঝে একজন ব্যক্তিকে কিছুই দিলেন না। তখন আমি বললাম: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি ওমুক, ওমুক ব্যক্তিকে দিলেন অথচ ওমুক ব্যক্তিকে কিছুই দিলেন না, অথচ সে ব্যক্তি মু'মিন।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: '(সে মু'মিন) নাকি মুসলিম?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ব্যক্তির রহিমাহুল্লাহ বলেন: ''আমরা কালেমা মুখে পড়াকে ইসলাম মনে করি আর আমলকে ঈমান মনে করি।"[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২৭; সহীহ মুসলিম: ১৫০; আবু দাউদ: ৪৬৮৩; মুসনাদ আহমাদ: ১/১৬৭; নাসাঈ:



৮/১০৩-১০৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১১/৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনানু আবী দাউদ: ৪৬৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন